ইন্সটাগ্রাম ফলোয়ার বৃদ্ধির উপায়

ইন্সটাগ্রামের সিক্রেট রেসিপি:

১. এঙ্গেজমেন্ট বাড়াতে হবে, মানে কেউ কমেন্ট করলে রিপ্লে দেয়া। আর যতটা সম্ভব আর্লি এঙ্গেজমেন্ট বৃদ্ধি করতে হবে। মানে, কত দ্রুত লাইক-কমেন্ট পাওয়া যাচ্ছে।

এক্ষেত্রে, চেষ্টা করবেন, এমন টাইমে কন্টেন্ট দেয়ার যখন মানুষ কন্টেন্টে এঙ্গেজ হয় বেশী। হতে পারে রাত, ৯/১০/১১।

২. ট্যাগ করে পোস্ট দেয়া। এটা করলে ইন্সটাগ্রাম অ্যালগরিদম মনে করে ট্যাগ করা ব্যক্তি আপনার নিকটের বা কাছের কেউ। ফলে তার পোস্ট আপনাকে দেখাবে এবং আপনার পোস্ট তাকে দেখাবে।

৩. ফলোয়ারদের ট্যাগ করতে বলতে হবে। উপরের কাজটি করবে আরকি।

৪. ইন্সটাগ্রাম বার বার ভিজিট করলে, আপনার রিচ বৃদ্ধি পাবে। মানে ইন্সটাগ্রামের নিকট আপনি একজন এক্টিভ মেম্বার।

৫. প্রতিটি কন্টেন্ট, প্রতিদিন নির্দিষ্ট সময়ে পোস্ট করতে হবে।

৬. প্রোফাইলে ভাল মত অপটিমাইজ এবং অডিট করতে হবে। যেমন: IGTV, SAVED, TAG, BIO সবগুলো ফিচার ব্যবহার করা। লোকেশন থেকে শুরু করে সব কিছু পূরণ করা।

ওমর ফারুক

৭. নিয়মিত অন্তত ১টি হলেও বিনোদনমূলক পোস্ট দেয়া। বাকীগুলো জ্ঞান / সেলিং / ব্রান্ড / শিক্ষনীয় / ভিডিও আপলোড করা।

৮. ইমেজগুলো অবশ্যই বেস্ট কোয়ালিটির হতে হবে।

৯. মোটিভেশনাল উক্তি, ভিডিও প্রচুর চাহিদা, এই বিষয়ে কন্টেন্ট দিতে হবে।

১০. Google Trends থেকে এ বিষয়ে নিয়মিত আইডিয়া নিতে হবে।

১১. ৮০/২০ কন্টেন্ট থিউরি ফলো করতে হবে, তবে এটা বিজনেস বা সেলিং পেজের ক্ষেত্রে মানে ৮০% পোস্ট হবে পণ্য সম্পর্কিত আর ২০% হবে মিম, ফানি বা বিনোদনমূলক।

১২. Story দিতে হবে নিয়মিত।

১৩. একসাথে অনেকগুলো ইমেজ স্লাইড আকারে দেয়া। এর ফলে ইউজার অনেক সময় আপনার পোস্টে অবস্থান করবে। ফলে, ঐ ইউজারের নিকট আপনার পোস্ট আরও বেশী রিচ হবে।

৮টি জনপ্রিয় কন্টেন্ট

- **ইমেজ**
- **ভিডিও**
- **ব্লগ পোস্ট**
- **ইনফোগ্রাফিক্স**
- **বড় আকারের আর্টিকেল**
- **ইবুক**
- **উক্তি**
- **টিপস**

যে বিষয়গুলো অনুসরণ করতে হবে:

1. হ্যাশ ট্যাগ ব্যবহার করতে হবে।

মানে জনপ্রিয় হ্যাশট্যাগ খুলো খুঁজে বের করতে হবে। ট্যাগগুলো অবশ্যই কন্টেন্টের সাথে মিল থাকতে হবে। তবে, #follow, #likeforlike #follow4follow এই টাইপের ট্যাগ দিলে সমস্যা নাই।

জনপ্রিয় Instagram Hash-Tag খোঁজার কিছু ওয়েবসাইট

- best-hashtags.com
- ingramer.com
- tagsfinder.com
- hashtagify.me

2. Location Tags ব্যবহার করা

Location Tag এর সাহায্যে আপনি কোন এরিয়া বা সিটিতে রয়েছেন তা খুব সহজে আপনার ছবি বা ভিডিও দ্বারা প্রকাশিত হয়। Location Tags ব্যবহার করে আপনি আপনার কাছাকাছি এরিয়ার মানুষদের এ-টেনশন পেতে পারেন।

3. Instagram Analytical Tools

আপনি ফলোয়ার্স বাড়ানোর জন্য Instagram Analytical Tools ব্যবহার করতে পারেন। Instagram analytics আপনাকে আপনার ফলোয়ার সম্পর্কে তথ্য জানতে সাহায্য করবে। ইন্টারনেটে অনেক tools আছে যা ব্যবহার করে, আপনি আরও অনেক তথ্য জানতে পারবেন।

Instagram Analytical Tools

- Sprout Social

- Iconosquare
- Keyhole
- Socialbakers
- Curalate

টুল ব্যবহার করা বাধ্যতামূলক নয়।

4. ইনস্টাগ্রাম গাইড তৈরি

ইনস্টাগ্রাম গাইড আপনাকে ফলোয়ার্স এর কাছাকাছি যাওয়ার সুযোগ করে দেয়। আপনার টিপস এবং রেকমেন্ডেশন আপনার ফলোয়ার্স এর কাছে পাঠানোর জন্য ইনস্টাগ্রাম গাইড একটি অতুলনীয় রাস্তা।

ইনস্টাগ্রাম গাইডে আপনি যা যা দিতে পারেন

- Introduction
- Title
- Text Header
- Video and image

যে বিষয়ে আপনি ইনস্টাগ্রাম গাইড তৈরি করতে পারবেন

স্থান: রিভিউ, এগজোটিক’ লোকেশন ইত্যাদি

বস্তু: আপনার ইনস্টাগ্রাম বিজনেস এ কি কি প্রোডাক্ট রয়েছে

পোস্ট: আপনার পোস্টগুলো সম্পর্কে

5. প্রতিযোগিদের ফলোয়ারদের ফলো করা

ধরুন, আপনার মেয়েদের মেকাপ সম্পর্কিত অ্যাকাউন্ট সেক্ষেত্রে এই টাইপের আর যত একাউন্ট আছে তাদের অ্যাকাউন্টে গিয়ে তাদের যারা ফলো করেছে তাদের ফলো করুন। প্রতিদিন মিনিমাম ৫০ জনকে ফলো করুন।

মজার ব্যপার হলো দেখবেন আপনার ফলোয়ার বৃদ্ধি পেতে থাকবে।